# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**20-04-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে সিভিক পুলিশ, ভিলেজ পুলিশ এবং গ্রীণ পুলিশদের ভোটের কোন কাজে লাগানো যাবে না বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে।

২) ভোট চলাকালীন কোন বুথে অশান্তির খবর পাওয়া গেলেই সেখানে পুনর্নির্বাচন হবে । মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, ।

৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা আগামীকাল বিকেলে শেষ হচ্ছে। এই দফায় আগামী ২৩-শে এপ্রিল বৃহস্পতিবার ১৫২-টি আসনে ভোট গ্রহণ।

৪) অর্থ তছরূপ মামলায় ধৃত ব্যবসায়ী জয় কামদারকে আজ ব্যাঙ্কশাল আদালত ২৮ শে এপ্রিল পর্যন্ত ইডি হেফাজত পাঠিয়েছে।

কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাসকে ইডি তলব করলেও এখনও পর্যন্ত তিনি হাজির হননি।

৫) গোটা সপ্তাহজুড়ে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপপ্রবাহ এবং উষ্ণ অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

৬) আরন্যক ঘোষ বাংলার দ্বাদশ গ্র্যান্ড মাস্টার হয়েছেন।

oooooooooooooooooooo

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনে সিভিক পুলিশ, ভিলেজ পুলিশ এবং গ্রিন পুলিশদের ভোটের কোনো কাজে লাগানো যাবে না বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের জারি করা নির্দেশিকায় জানানো হয়েছে, অবাধ ও স্বচ্ছ নির্বাচন সুনিশ্চিত করতেই এই সিদ্ধান্ত। ভোটের তিন দিন আগে অর্থাৎ পি মাইনাস থ্রি ডে-তে সমস্ত সিভিক পুলিশ, ভিলেজ পুলিশ এবং গ্রিন পুলিশদের পুলিশ লাইনে রিজার্ভে পাঠাতে হবে। সেখানে থাকাকালীন নির্বাচন সংক্রান্ত কোনও কাজেও তাঁদের নিযুক্ত করা যাবে না বলেও নির্দেশিকায় উল্লেখ হয়েছে।

যদিও ভোটের দিন তাঁরা সাধারণ পোশাকে এসে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সেক্ষেত্রে ইউনিফর্ম পরে ভোটকেন্দ্রে আসার অনুমতি নেই।

রাজ্যের সমস্ত পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপারদের এই নির্দেশ কঠোরভাবে পালন করার কথা বলা হয়েছে। কোনও রকম অন্যথা হলে তা গুরুতরভাবে দেখা হবে বলেও নির্দেশিকায় জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার ভোটগ্রহণ সংক্রান্ত কাজকর্ম এবং ভোট প্রস্তুতি পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ ফের জেলা সফর শুরু করেছেন। দু-দিনের এই সফরের প্রথম পর্বে সকালে মালদা পৌঁছে প্রশাসনিক আধিকারিক ও পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক করেন শ্রী আগারওয়াল। বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি ও প্রার্থীদের সঙ্গে। কথা বলার পাশাপাশি কন্ট্রোল রুমও পরিদর্শন করেন তিনি। বৈঠকের পর শ্রী আগারওয়াল সাংবাদিকদের বলেন, যেসমস্ত বুথে ভোট চলাকালীন অশান্তির খবর পাওয়া যাবে, সেখানে নিশ্চিতভাবে পুনর্নির্বাচন হবে।

(বাইট - মনোজ আগারওয়াল)

এরপর উত্তর দিনাজপুরেও প্রশাসনের শীর্ষ আধিকারিক ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠক করে প্রতিনিধি দলটি। সিইও জানান, কোনোরকম অনিয়মের অভিযোগ পেলেই কঠোর পদক্ষেপ নেবে কমিশন।

সেখান থেকে কোচবিহারে গেছেন তারা। রাত আটটা নাগাদ আরও একটি বৈঠকের কর্মসূচী রয়েছে তাদের। আগামীকাল সকালে এই প্রতিনিধি দল পশ্চিম মেদিনীপুর যাবে।

oooooooooooooooooooo

**পশ্চিমবঙ্গে প্রথম দফা বিধানসভা নির্বাচনে মোট ৩'কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার ১৭১ জন ভোটার তাঁদের মতাধিকার প্রয়োগ করবেন।**

এদের মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা-প্রায় ১' কোটি ৮৭ লক্ষ। মহিলা ভোটার রয়েছে ১' কোটি ৭৫ লক্ষের বেশী। তৃতীয় লিঙ্গের ভোটার সংখ্যা ৪৬৫ জন। তবে, আগামীকাল পর্যন্ত অ্যাপিলেট ট্রাইবুনাল যেসব আবেদনকারীর নামে ছাড়পত্র দেবে তাদের অন্তর্ভুক্তির পর এই সংখ্যা পাল্টে যাবে বলে মনে করা হচ্ছে।

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশ মত অ্যাপিলেট ট্রাইব্যুনাল কাজ করছে না বলে সুপ্রিম কোর্টে আজ ফের আবেদন জানানোয় তীব্র অসন্তোষ ব্যক্ত করেছেন প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ। প্রতিদিন আদালতে নতুন নতুন আবেদন জমা পড়ায় ক্ষোভ ব্যক্ত করে শীর্ষ আদালত। আবেদনকারীর দাবি, ট্রাইব্যুনালের অফিসের ভেতরে কোনো আইনজীবী বা আবেদনকারীকে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না। এমনকি আবেদনগুলি জমা পড়া নথির বদলে কম্পিউটারে যাচাই করা হচ্ছে। এব্যাপারে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের বক্তব্য জানতে চাওয়া হবে বলে ডিভিশন বেঞ্চ আশ্বাস দিয়েছেন।

oooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা আগামীকাল বিকেলে শেষ হচ্ছে। এর সঙ্গেই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। এই দফায় আগামী ২৩-শে এপ্রিল বৃহস্পতিবার ১৫২-টি আসনে ভোট গ্রহণ। বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারকরা শেষ মুহূর্তে জোরদার প্রচারাভিযান সারছেন।

মূর্শিদাবাদের বড়এ্যাঁ আজ কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা দলীয় প্রার্থীর হয়ে রোডশো করেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্যে তোলাবাজি, কাটমানি এবং দুর্নীতির পরিবেশ সৃষ্টি হয়েছে।

(বাইট – নাড্ডা)

পাঁচথুপিতে এর আগে নেতাজী মূর্তিতে মাল্যদান করেন তিনি।

ফেরার পথে তাঁর হেলিকপ্টার বিকল হয়ে যাওয়ায় বেশকিছুক্ষণ অপেক্ষা করতে হয়।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বীরভূমের নানুরে দলীয় প্রার্থীদের সমর্থনে এক রোডশো করেন। পরে সাঁইথিয়ায় জনসভা থেকে দুর্নীতি সহ বিভিন্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারকে কড়া ভাষায় আক্রমণ করেছেন।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, আজ পূর্ব মেদিনীপুরের মহিষাদলে একটি জনসভায় অংশ নেন। তিনি বলেন, মা মাটি মানুষের সরকার অনুপ্রবেশকারীদের মদত দিয়ে বাংলার মানুষকে বঞ্চিত করেছে। জেলার এগরা এবং পশ্চিম মেদিনীপুরের কেশিয়ারিতে দুটি রোডশতেও তিনি অংশ নেন।

পশ্চিম মেদিনীপুরের পিংলায় জনসভা করছেন বিজেপি নেতা উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামীকাল রাজ্যে চারটি জনসভা করবেন। কার্শিয়াং, পশ্চিম বর্ধমানের কুলটি, পশ্চিম মেদিনীপুরের শালবনী এবং পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে চারটি জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

অন্যদিকে, বিজেপি নেত্রী, দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা আজ সন্ধ্যায় কলকাতায় আসছেন। এন্টালিতে তাঁর রোডশো এবং জনসভার কর্মসূচী রয়েছে। আগামীকাল সকালে আসানসোল দক্ষিণে রোড শো-এ অংশ নেবেন তিনি।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বীরভূমের মুরারোইতে বিজেপি-র বিরুদ্ধে ভোট লুটের অভিযোগ করেন। পরিকল্পনা করে তৃণমূল কংগ্রেস নেতাদের গ্রেফতার করা হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি। পরে উত্তর ২৪ পরগণার খড়দায় এক জনসভায়

যোগ দিয়ে ভোটার তালিকা ও গণতান্ত্রিক প্রক্রিয়া নিয়ে একাধিক অভিযোগ করেন। ইভিওম ও কেন্দ্রীয় বাহিনীর প্রশ্ন তোলার পাশাপাশ গণনা সময় বাহিনী বদল করা হতে পারে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী অভিযোগ করেছেন।

(বাইট – মমতা)

সন্ধ্যায় ভবানীপুরে নিজের নির্বাচনী কেন্দ্রে প্রচারে যোগ দেন মুখ্যমন্ত্রী।

কংগ্রেস সভাপতি **মল্লিকার্জুন খাড়গে** আজ কোচবিহারের হরিণচড়া খেলারমাঠে নির্বাচনী জনসভায় অংশ নেন। একযোগে বিজেপি এবং তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করেন তিনি।

(বাইট – মল্লিকার্জুন)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে ‘ড্রাই ডে’ কার্যকর করার নির্দেশ জারি করেছে নির্বাচন কমিশন। আইন অনুযায়ী ভোটের জন্য নির্দিষ্ট সময় পর্যন্ত মদ বিক্রি, পরিবেশন ও বণ্টনে সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি থাকবে।

২৩ এপ্রিল প্রথম দফা এবং ২৯ এপ্রিল দ্বিতীয় দফায় ভোটগ্রহণ শেষ হওয়ার নির্ধারিত সময়ের, আগের ৪৮ ঘণ্টা ‘ড্রাই ডে’ হিসেবে ঘোষণা করতে হবে সংশ্লিষ্ট রাজ্য প্রশাসনকে। অর্থাৎ ওই সময়সীমার মধ্যে কোনওভাবেই মদ বিক্রি করা যাবে না।

শুধু ভোটের দিন নয়, গণনার দিন চৌঠা মে-ও একই নিয়ম বলবৎ থাকবে। ফলে সেদিনও রাজ্যে কোনও দোকান, হোটেল, রেস্তোরাঁ বা ক্লাবে মদ বিক্রি করা যাবে না।

কমিশনের নির্দেশ অনুযায়ী, লাইসেন্সপ্রাপ্ত বার, রেস্তোরাঁ, স্টার হোটেল কিংবা ক্লাব—কোনও ক্ষেত্রেই এই নিষেধাজ্ঞার ব্যতিক্রম হবে না। এমনকি ব্যক্তিগতভাবে মদ

মজুতের ক্ষেত্রেও কড়া নজরদারি চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। বেআইনি মজুতের বিরুদ্ধে আবগারি আইনের অধীনে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে।

oooooooooooooooooooo

আসন্ন বিধানসভা ভোটে অংশগ্রহণকারী কোনো রাজনৈতিক দলের নির্বাচনী ইস্তেহারে গণবণ্টন সম্পর্কে কোন উল্লেখ না করায় All India Fair Price Shop Deallers' Federation নির্বাচন বয়কট করার সিদ্ধান্ত নিয়েছে। ফেডারেশনের সাধারণ সম্পাদক বিশ্বম্ভর বসু আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, খাদ্য বণ্টন নিয়ে জন কল্যাণ মূলক কর্মসূচি সম্পর্কে কোনো অঙ্গীকার বা ভবিষ্যত প্রতিশ্রুতি মেলেনি। একাধিক দাবি তৃণমূল কংগ্রেস এবং বিজেপি কোনো সদর্থক উত্তর দিতে পারেনি। সংগঠনের পক্ষ থেকে ভোট বয়কটের কথা বলা হলেও যদি কেউ ভোটদান করেন তাহলে তাকে নোটায় ভোটদানের আহ্বান জানানো হয়েছে।

oooooooooooooooooooo

অর্থ তছরূপ মামলায় ইডির হাতে ধৃত ব্যবসায়ী জয় কামদারকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে, ২৮ শে এপ্রিল পর্যন্ত ইডি হেফাজত পাঠানো হয়েছে। গতকাল সিজিও কমপ্লেক্সে জিজ্ঞাসাবাদ ও গ্রেপ্তারের পর শারীরিক পরীক্ষার জন্য হাসপাতালে নিয়ে যাওয়া হলে ওই ব্যক্তি অসুস্থ বোধ করেন। RG KAR হাসপাতালে ভর্তি করা হয় তাকে। গোলপার্কে নির্মাণ ব্যবসার দখল নিয়ে গুলি চালনার ঘটনায় অভিযুক্ত বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পুর ঘনিষ্ঠ হলো এই ব্যবসায়ী জয় কামদার। চলতি মাসে নিউ আলিপুরে তার বাড়িতে তল্লাশি চালিয়ে এক কোটি টাকার'ও বেশী নগদ অর্থ উদ্ধার হয়।

এদিকে, আর্থিক প্রতারণাকান্ডে আজ ইডি-র তলবে হাজিরা দেননি কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাস। গতকাল শান্তনুর বাড়িতে হানা দিয়েছিলেন ইডি-র আধিকারিকরা। সেখানে দেখা মেলেনি তার। পুলিশ কর্তার ছেলে,

বাবার বাড়িতে থাকার খবর জানালেও ইডি-র তরফ থেকে দাবি করা হয়, অভিযানের সময় ডিসি শান্তনু সিনহা বিশ্বাস বাড়ি ছিলেন না। প্রায় ২০ ঘণ্টা পর বেরিয়ে যায় ইডি-র দল। এরপরই শান্তনু ও তার দুই পুত্রকে আজ সিজিও কমপ্লেক্সে তলব করা হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত তারা সেই ডাকে সাড়া দেননি।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেছেন।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভায় মহিলা সংরক্ষণ বিল আটকে দিয়ে তৃণমূল কংগ্রেস দেশের নারী সমাজের সঙ্গে প্রতারণা করেছে বলে বিজেপির দাবি। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি নেত্রী স্মৃতি ইরানি জানিয়েছেন, আগামী লোকসভা নির্বাচনে মহিলাদের জন্য আসন সংরক্ষণ সুনিশ্চিত করতে এই প্রস্তাব রাখা হয়েছিল। এই বিল পাস হলেও রাজ্যগুলির অধিকার সুরক্ষিত থাকবে বলে সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রতিশ্রুতি দিয়েছিলেন। তা সত্ত্বেও তৃণমূল কংগ্রেস নেত্রী একজন মহিলা হয়ে তার দলের সাংসদদের এই বিল আটকে দেওয়ার নির্দেশ দেন বলে অভিযোগ করেন তিনি। শ্রীমতী ইরানী জানান, এই বিল পাস হলে বাংলাতেও মহিলাদের উন্নয়নে কেন্দ্রের আর্থিক সহায়তা পাওয়া আরও সহজ হতো। কংগ্রেস ও তৃণমূল কংগ্রেস যেভাবে বাংলা ও সমগ্র দেশের মহিলাদের সঙ্গে প্রতারণা করেছে তা মানুষ চিরদিন মনে রাখবে বলে তিনি স্পষ্ট জানিয়েছেন।

(বাইট – ইরানী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গোটা সপ্তাহ জুড়েই দক্ষিণবঙ্গে তাপপ্রবাহ এবং উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা রয়েছে। তবে কোথাও কোথাও স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হলে বৃষ্টি হতে পারে। আগামী দু দিন পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলায় তাপমাত্রা ৪০ ডিগ্রী বা তাঁর বেশী হওয়ার সম্ভবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর এবং বীরভূমে উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে।

আলিপুরে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৪ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ১ ডিগ্রী কম।

এদিকে, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর দিকে এবং সংলগ্ন উত্তর-পূর্ব বাংলাদেশের উপর বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখার ভাবে স্থলভাগে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গে প্রায় সব জেলাতেই আগামীকয়েকদিন বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে আজও রয়েছে বৃষ্টির হলুদ সর্তকতা।

oooooooooooooooooooo

আরন্যক ঘোষ বাংলার দ্বাদশ গ্র্যান্ডমাস্টার হয়েছেন। ব্যাংকক চেস ক্লাব ওপেন ২০২৬ প্রতিযোগিতায় আরন্যক চূড়ান্ত নর্ম পেয়ে গ্র্যান্ডমাস্টার খেতাব পেয়েছেন। তিনি এই প্রতিযোগিতায় ৯ এর মধ্যে ৭ পয়েন্ট পেয়ে যুগ্মভাবে শীর্ষ স্থানে শেষ করেন। তিনি ভারতের ৯৫ তম গ্র্যান্ডমাস্টার হলেন। ২০২৩ সালে জাতীয় র‍্যাপিড চ্যাম্পিয়ন আরণ্যক প্রথম জি এম নর্ম পান। দ্বিতীয় নর্ম পেয়েছিলেন ২০২৪ সালে অ্যানেমাস মাস্টার্স এ। বর্তমানে তিনি বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ৪০১ তম স্থানে রয়েছেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo